# কেন আপনি নেকস্ট প্ল্যান ডেভেলাপমেন্ট লিমিটেডকে বেছে নিবেন?

নেকস্ট **প্ল্যান** ডেভেলাপমেন্ট লিমিটেড ২০০৩ সালে তার যাত্রা শুরু করে, প্রতিষ্ঠা লাভের এই অল্প সময়ের মধ্যেই প্রতিষ্ঠানটি বিশ্বস্ত ও মানসম্পন্ন সেবা, উন্নত প্রযুক্তি ও নতুনত্বের ব্যবহারের মাধ্যমে সম্মানীত গ্রাহকদের আস্থা, ভালবাসা ও বিশ্বাস অর্জনের মাধ্যমে রিয়েল ইস্টেট সেক্টরে সিলেটের অন্যতম প্রধান কনসালটেন্সি ও ডেভেলাপার কোম্পানী হিসাবে নিজেকে প্রতিষ্ঠিত করতে **সক্ষম** হয়েছে । আমাদের বৈশিষ্ট হচ্ছেঃ

**I). Value Our Commitment:** নেকস্ট প্ল্যান ডেভেলাপমেন্ট লিঃ কমিটমেন্ট ও দায়িত্বশীলতাকে সব কিছুর উর্ধ্বে স্থান দেয় । আর তাই সম্মানিত গ্রাহকদের জন্য রিয়েল ইস্টেট সেক্টরে জবাবদিহিতা ও দায়িত্বশীলতাকে প্রতিষ্টার লক্ষ্যে নিরলস ভাবে কাজ করে যাচেছ । আমাদের দেশে কন্সট্রাকশন ইন্ডাস্ট্রিতে এমন ও অনেক ডেভেলাপার কোম্পানী আছে যাদের কথার সাথে কাজের কোন মিল খোঁজে পাওয়া যায় না । ফ্ল্যাট বুকিং এর সময় আপনাকে অন্যদের চেয়ে দ্রুততম সময়ের মধ্যে হস্তান্তরের প্রতিশ্রুতি দিলেও বছরের পর বছর পেরিয়ে যায় ফ্ল্যাট বুঝিয়ে দেওয়ার হদিস পাওয়া যায় না । এ রকম ডেভেলাপার কোম্পানীর খপ্পরে পড়ে সর্বস্ব হারিয়েছেন অনেকেই যা আপনার আমার সকলেরই জানা আছে । **NPDL** এ ক্ষেত্রে ব্যতিক্রম, আমাদের কাছে সময়ের মূল্যই সবচেয়ে বেশী, আর তাই আমরা দৃঢ়তার সাথে বলতে চাই সম্মানীত গ্রাহক সাধারনের কাছ থেকে চুক্তি অনুযায়ী যথাযত ও যথাসময়ে সহযোগীতা পেলে প্রতিশ্রুত সময়েই বা ক্ষেত্র বিশেষে তার চেয়েও আগে আপনার ফ্ল্যাট বুঝিয়ে দিতে প্রতিশ্রুতিবদ্ধ । আমরা মনে করি সময়ের সর্বোত্তম ব্যবহারই আমাদের ব্যবসার লাভ এবং সম্মানীত গ্রাহকদের আস্থা, ভালবাসা ও বিশ্বাসই আমাদের সাফল্যের চাবিকাটি ।

**II). Ensure Client's Satisfaction:** আমাদের লক্ষ্যই হচ্ছে সম্মানীত গ্রাহকগনের চাহিদা ও পছন্দ অনুযায়ী নতুন নতুন ডিজাইন ও নক্সা প্রণয়ন করা এবং সেই অনুযায়ী তা বাস্তবে রূপ দেওয়া । আর তাই উক্ত প্রতিষ্ঠানটিতে কর্মরত আছেন স্ব স্ব ক্ষেত্রে অত্যান্ত প্রতিভাবান ও দায়িত্ববোধ সম্পন্ন কর্তব্যপরায়ণ, সৎ ও নিষ্ঠাবান এক ঝাঁক তরুন প্রকৌশলী ও দক্ষ মেনেজমেন্ট টীম । বিগত বছর গুলোতে আমরা আমাদের কঠোর পরিশ্রম, অধ্যবসায়, নিষ্ঠা ও দায়িত্বশীলতা, বন্ধুত্বশোলভ আচরন ও সেবার মাধ্যমে সকলের ভালবাসা ও আন্তরিকতা অর্জনের মাধ্যমে সম্মানীত গ্রাহকগনের কাছে আজ পরিক্ষীত ও বিশ্বস্তার প্রতিক হিসাবে আধ্যাত্মিক নগরী পূন্যভূমি সিলেটের মাটিতে প্রতিষ্ঠানটি নিজেকে প্রতিষ্ঠিত করতে সক্ষম হয়েছে । তাই আমাদের প্রাতিষ্ঠানিক পরিচিতি ও পেশাদারিত্ব আজ শক্ত ভিতের উপর প্রতিষ্ঠিত হয়েছে যাহার প্রমান সিলেট শহরের প্রাণকেন্দ্র জিন্দাবাজারেই আমাদের রয়েছে বেশকয়টি নির্মানাধীন মাল্টিপারপাস হাইরাইজ কর্মাসিয়াল প্রজেক্ট, যার ডিজাইন ও সুপারভিশনের দায়িত্বে রয়েছে **NPDL** নামক এই প্রতিষ্ঠানটি ।

**III). Modern Technology & Techniques:** বিশ্বায়নের এই যুগে ও একুশ শতকের চেলেঞ্জ মোকাবেলায় তথ্যপ্রযুক্তির বৈপ্লবিক পরিবর্তনের ছোঁয়া অন্যান্য সকল সেক্টরের ন্যায় রিয়েল ইস্টেট সেক্টরে ও এসে পড়েছে । আর তাই নেকস্ট প্ল্যান ডেভেলাপমেন্ট লিঃ উন্নত প্রযুক্তির ব্যবহার ও বিশ্বের সাথে তাল মিলিয়ে অত্যাধুনিক আর্কিটেকচারাল ও স্ট্রাকচারাল ডিজাইন সফটওয়্যার ব্যবহারের মাধ্যমে দক্ষ ও অভিজ্ঞতা সম্পন্ন স্থপতি ও প্রকৌশলীদের দ্বারা যোগপোযোগী ডিজাইন ও নক্সা প্রণয়ন করে থাকে । আর এই ডিজাইন ও নক্সা অনুযায়ী অভিজ্ঞ প্রকৌশলীদের দক্ষ মেনেজমেন্ট ও নিরবচ্ছিন্ন তদারকির মাধ্যমে তা বাস্তবায়ন করা হয়ে থাকে ।

**IV). No Compromise With Quality:** নির্মাণ কাজের **কোয়ালিটির উপরই নির্ভর করে বিল্ডিং কিংবা** ফ্ল্যাটের স্থায়িত্ব ও স্থাপত্যশৈলী । নেকস্ট প্ল্যান ডেভেলাপমেন্ট লিঃ সম্মানীত গ্রাহকদের চুক্তি মোতাবেক কাজের সর্বোত্তম **কোয়ালিটি নিশ্চিতের গ্যারান্টি প্রদান করে থাকে।** চুক্তি অনুযায়ী আমরা যেখানে যে মেটেরিয়্যাল কিংবা ফিটিংস ফিকচার দেওয়ার কথা সেখানে ঠিক সেই মেটেরিয়্যাল / ফিটিংস ফিকচার ব্যবহার করে থাকি । এমন অনেক ডেভেলাপার কোম্পানী আছে যারা আপনাকে অন্যদের চেয়েও ভাল ভাল কোম্পানীর মেটেরিয়্যাল / ফিটিংস ফিকচার ব্যবহারের প্রতিশ্রুতি দিলেও বাস্তবে তার কোন মিল খুজে পাবেন না । এ ব্যাপারে আমাদের অবস্থান অত্যন্ত স্পষ্ট আপনার ফ্ল্যাটের কাজের সর্বোত্তম **কোয়ালিটি নিশ্চিত করেই আমরা আপনার কষ্টার্জিত অর্থের যথার্থ বিনিয়োগ নিশ্চিত করে থাকি।**

**V). Safety in Construction:** বিল্ডিং কিংবা ফ্ল্যাট নির্মাণ বা নির্মাণ পরবর্তী কালে উহার সেফটি ও স্থায়িত্বতা হচ্ছে অন্যতম একটি গুরুত্বপূর্ন বিষয় । **NPDL** তাই বিল্ডিং বা ফ্ল্যাটের সেফটি ও স্থায়িত্বতা নিশ্চিতের জন্য উহার ফাউন্ডেশন ও সুপারস্ট্রাকচার দক্ষ ও অভিজ্ঞতা সম্পন্ন প্রকৌশলীদের দ্বারা ডিজাইন ও তদারকি করিয়ে থাকে । এক্ষেত্রে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড (**BNBC**), আমেরিকান কংক্রীট ইন্সটিটিউট (**ACI**) ও আমেরিকান ষ্ট্যান্ডার্ড অব টেষ্টিং মেটেরিয়্যালস (**ASTM**) কোড অনুসৃত হয়ে থাকে এবং উক্ত বিল্ডিং কিংবা ফ্ল্যাট ভূমিকম্প ও ঝড়গতির বাতাসের গতিবেগ প্রতিরোধে সক্ষমতা সম্পন্ন হইবে। এছাড়া নির্মাণ কাজে ব্যবহৃত সকল মালামাল বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (BUET),শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (SUST), পলিটেকনিক ইন্সটিটিউট সহ অন্যান্য অনুমোদিত প্রতিষ্টান থেকে পরীক্ষা নিরীক্ষার মাধ্যমে গুনগত মান নিশ্চিত হয়ে ব্যবহার করা হয়ে থাকে ও দক্ষ প্রকৌশলীদের সরাসরি তদারকির মাধ্যমে নির্মাণ কাজের গুণগত মান নিশ্চিত করা হয়ে থাকে ।

**VI). Beautification of Design:** বিভিন্ন ডেভেলাপার কোম্পানী থেকে ফ্ল্যাট কিনেছেন এমন অনেক গ্রাহকের কাছ থেকে আমরা প্রায়ই এরকম অভিযোগ শুনে থাকি যে ফ্ল্যাট কিনলাম ১৫০০ বর্গফুটের কিন্তু ব্যবহার যোগ্য এরিয়া ১১৫০ বর্গফুট ও পাচ্ছিনা অথাৎ বাদবাকি ৩৫০ বর্গফুটই হচেছ কমন এরিয়া যার জন্য আপনি পেমেন্ট করছেন ঠিকই কিন্তু ব্যবহারে পাচ্ছেন না । নিম্নে একটি উদাহারনের মাধ্যমে বিষয়টি পরিষ্কার ভাবে বুঝানোর চেষ্টা করছি ।

| ডেভেলাপার কোম্পানী | ফ্ল্যাটের নীট এরিয়া (বর্গফুট) | ফ্ল্যাটের কমন এরিয়া (বর্গফুট | ফ্ল্যাটের সর্বমোট এরিয়া (বর্গফুট) | ফ্ল্যাট বিক্রীর রেট (বর্গফুট) | ফ্ল্যাটের সর্বমোট মূল্য (টাকা) | ফ্ল্যাটের নীট এরিয়ার রেট (বর্গফুট) |
|---|---|---|---|---|---|---|
| ডেভেলাপার - ক | ১১৫০ | ৩০০ | ১৪৫০ | ৩৪৫০ | ৫,০০২,৫০০.০০ | ৪৩৫০.০০ |
| ডেভেলাপার - খ | ১১৫০ | ৩৫০ | ১৫০০ | ৩৩০০ | ৪,৯৫০,০০০.০০ | ৪৩০৫.০০ |
| **NPDL** | ১১৫০ | ১৩০ | ১২৮০ | ৩৪৫০ | ৪,৪১৬,০০০.০০ | ৩৮৪০.০০ |

এই কমন স্পেইস কম বেশী হওয়ার বিষয়টি কিন্তু নির্ভর করে সঠিক প্ল্যানিং ও ডিজাইনের উপর । এক জন ভাল প্ল্যানারই কেবল তাঁর মেধা ও মননের সঠিক প্রয়োগের দ্বারা যথার্থ প্ল্যানিংয়ের মাধ্যমে কমন স্পেইস এর পরিমাণ মিনিমাইজ করে সর্বোচ্চ ব্যবহারযোগ্য স্পেইস নিশ্চিত করতে পারেন। এমন অনেকেই আছেন যারা অদক্ষ বা কম অভিজ্ঞতা সম্পন্ন লোক দ্বারা যেনতেন ভাবে প্ল্যানিং ও ডিজাইন করিয়ে ফ্ল্যাট নির্মাণ করে থাকেন এবং প্রতারণার মাধ্যমে কমন স্পেইসের মারপ্যাঁচ দেখিয়ে অযৌক্তিকভাবে ব্যবহারযোগ্য স্পেইস এর সাথে অধিক পরিমানে কমন স্পেইস যোগ করে ফ্ল্যাটের এরিয়া বাড়িয়ে অপেক্ষাকৃত কম রেটে ফ্ল্যাট বিক্রির বিজ্ঞাপনের মাধ্যমে প্রতারনার আশ্রয় নিয়ে গ্রাহক সাধারণকে আকৃষ্ট করার হীন প্রচেষ্টা করে থাকেন। **NPDL** দক্ষ ও অভিজ্ঞতা সম্পন্ন আর্কিটেক্ট ও ডিজাইনার দ্বারা সঠিক ভাবে প্ল্যানিং ও ডিজাইন করিয়ে ফ্ল্যাটের সর্বোচ্চ ব্যবহারযোগ্য স্পেইস নিশ্চিত করে এবং যৌক্তিক পরিমাণ কমন স্পেইস যোগ করে থাকে।

এছাড়া ও আমাদের ফ্ল্যাট গুলোর অন্যতম বৈশিষ্ট হলো, মূল্য ফিক্সড তাই দরকষাকষি বা ঠকে যাওয়ার ভয় নেই, ফ্লোর প্রতি মাত্র দুটি করে ফ্ল্যাট, প্রত্যেকটি ফ্ল্যাটই তিনদিক থেকে খোলা তাই পর্যাপ্ত আলো বাতাস প্রবেশের সুবিধা, সম্পূর্ন রেসিডেন্সিয়াল বিল্ডিং, শপিং মল বা কর্মাশিয়াল ফ্লোরের বিড়ম্বনা নেই তাই অধিক প্রাইভেসির নিশ্চয়তা এবং প্রতিটি বিল্ডিংয়েই রয়েছে অল্প সংখ্যক অভিজাত ফ্ল্যাট তাই অধিক নিরিবিলি ও ঝামেলাবিহীণ নিরাপদ বসবাসের নিশ্চয়তা ।

আর তাই সম্মানীত গ্রাহক সাধারনের বরাবর আমাদের আহ্বান রইল আপনার ফ্ল্যাটের বুকিং দেওয়ার পূর্বে উপরোল্লিখিত বিষয়গুলো যাচাই বাচাই করুন এবং আমাদের সাথে অন্যদের তফাৎটা দেখার চেষ্টা করুন। আমাদের দৃঢ়বিশ্বাস সম্মানীত গ্রাহকসাধারনের আস্থা ও ভালবাসা অতীতে যে রকম আমাদের সাথে ছিল ভবিষ্যতেও তা অটুট থাকবে এবং তা উত্তরোত্তর বৃদ্ধি পাবে।

ইনশাহ্ আল্লাহ অতীতের ন্যায় ভবিষ্যতেও আমরা আপনাদের পাশে থাকব ও আপনাদের ভালবাসা নিয়ে আপনাদেরই স্বপ্ন, বির্নিমাণে সদাসর্বদা সতেষ্ট থাকব, আল্লাহ রাব্বুল আলামীন আমাদেরকে তাওফিক দান করুন, আমীন্।